

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ১. ১৯. দামেশক আর শহর না থাকার ভবিষ্যদ্বাণী

যিশাইয় বলেন: "দামেস্ক সম্বন্ধে ভবিষ্যদ্বাণী এই: মাবুদ বলছেন, 'দেখ, দামেস্ক আর শহর থাকবে না, তা হবে একটা ধ্বংসের স্তুপ। (কেরি: দেখ দামেশক আর নগর না থাকিয়া উচ্ছিন্ন হইল। তাহা কাঁথড়ার ঢিবী হইবে) অরোয়েরের গ্রামগুলো ত্যাগ করে লোকেরা চলে যাবে; পশুর পাল সেগুলো অধিকার করবে। তারা সেখানে শুয়ে থাকবে; কেউ তাদের ভয় দেখাবে না।" (ইশাইয় ১৭/১-২, মো.-১৩)

পল টবিন (Paul Tobin) লেখেছেন: "As we noted above, it is now almost three millennia since that prophecy and Damascus remains a vibrant city to this day. While Damascus had been overran many times in its past, it is still around. Thus the prophecy that says Damascus will cease to be a city forever is obviously false."

''উপরেই বলেছি, এ ভবিষ্যদ্বাণী প্রায় তিন হাজার বছরের পুরাতন। এখনো পর্যন্ত তা কার্যকর হয়নি। এখনো পর্যন্ত দামেশক গুরুত্বপূ শহর হিসেবেই বহাল রয়েছে। অতীতে অনেকবারই দামেশক পদদলিত হয়েছে, তবে এখনো তা বহালই রয়েছে। কাজেই 'দামেশক আর শহর থাকবে না' ভবিষ্যদ্বাণীটা সুস্পষ্টতই অসত্য।"[1]

## ফুটনোট

[1] http://www.rejectionofpascalswager.net/prophecies.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14159

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন